

শামাজ পড়ার পদ্ধতি

মুক্তী প্রধান, মহাগরিচাশক ইসগামী গবেকণা ও ফাড্তরা অধিনতর ও প্রধান ঃ উচ্চ তলামা পরিবদ সৌদী আরব

বলানুবাদঃ কারী আঃ মানুান আরশাদ বিন মাজোনা আঃ হামীদ মোলা (সুগনা)

মূচণ ও ধনালনায়ঃ
ইসপামী দাওয়াত, ইরশাদ, আওকাফ
ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
মূচণ ও ধনালনা নিষয়ক সংখ্যা
রিয়াদ, সৌদী সারব
১৪১৬ বিঃ - ১৯১৫ ইং

मिना न्या मिक्स



নবী করীম হল্লান্ত আলাইই ওনা সন্ধান-এর নামাজ পড়ার পদ্ধতি

মূলঃ
শেষ আব্দুল আজীজ বিন আব্দুলাহ বিন বাজ
মুকতী প্রধান, মহাপরিচালক
ইসলামী পবেৰণা ও ফাত্ওরা অধিদঞ্চর
ও প্রধান ঃ উচ্চ ক্রোমা পরিষদ
সৌদী আরব

বংগানুবাদঃ কারী আঃ মান্লান আরশাদ বিন মাওলানা আঃ হামীদ মোন্না (খুলনা)

মূচণ ও প্রকাশনারঃ ইসঙ্গামী দাওয়াত, ইরঙ্গাদ, আওকাক ও ধর্ম বিষয়ক মন্ত্রণাঙ্গর মূচণ ও প্রকাশনা বিষয়ক সংস্থা রিয়াদ, সৌদী আরব ১৪১৬ হিঃ – ১৯৯৫ ইং

क्ति म्ह्या विकास

وزارة الشنون الإسلامية، ١٤١٦هـ فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر ابن باز، عبد العزيز بن عبد الله كيفية صلاة النبي صلى الله عليه وسلم. ٢٩ ص ٩٠ × ١٠ سم ردمك: ٢-٣٠-٣٠-٣٩ النص باللغة البنغالية

أ - العنوان

17/.701

رقم الإيداع: ١٦/٠٢٥١ ردمك: ٢-٣٥، - ٢٩٦، ١٩٩٦ ٢١٤١ هـ - ١٩٩٥م

ديري ۲۵۲٫۲

1-11-11

بسيت ماللة الزميز التحييم

الحمد لله وحده، والصلاة والسلام على عبده و رسوله نبينا محمد وآله وصحبه، أما يعد :

সমস্ত প্রশংসা এক আল্লাহর জন্য। দর্মদ ও সালাম তাঁর বান্দা ও রাস্ল আমাদের নবী মোহামদ ও তাঁর আহল ও ছাহাবীগণের উপর! অতঃপর এই যে,

আমি মুসলমান নর ও নারীর সামনে নবী করীম ছাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নামাজ পড়ার পদ্ধতি সংক্ষিপ্তাকারে পেশ করার ইচ্ছা করছি যাতে প্রত্যেক পরিজ্ঞাত (জানা) ব্যক্তি রাস্লকে (ছাল্লাল্লাহ আলাইহি ও সাল্লাম) হবহ অনুসরণ করার চেষ্টা করতে পারে। কেননা, হজুর ছাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন ঃ-

(صلوا كما رأيتموني أصلي)

"নামাজ পড় যেভাবে আমাকে নামাজ পড়তে দেখ ঃ" (বোখারী)

পাঠকবর্গের কাছে নামাজ পড়ার পদ্ধতি-গুলোর বর্ণনা এই যে,

১ । পরিপূর্ণ পবিত্রতা তা হলো আল্লাহ তায়ালা যেভাবে ওজু করার আদেশ দিয়েছেন সেভাবে ওজু করা।

আল্লাহ্ বলেন ঃ

﴿ يَتَأَيُّهُا ٱلَّذِينَ ءَامَنُوۤ أَإِذَا قُمْتُمْ إِلَى ٱلصَّلَوْةِ فَاعْسِلُوا وَجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ إِلَى ٱلْمَرَافِقِ

পড়ার ইচ্ছা পোষণ কর তখন তোমাদের

মুখমন্ডল ও হাত কনুই পর্যন্ত ধৌত কর এবং মাথা মাসেহ ও পায়ের গিট পর্যন্ত ধৌত কর "রাস্লুলাহ ছাল্লালাহ আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেনঃ—

(لا تقبل صلاة بغير طهور)

"পবিত্রতা ব্যতীত নামাজ কবুল হয় না"

২। নামাজীর কেবলামুখী হওয়া অর্থাৎ যে
ব্যক্তি যেখানেই ফরজ কিংবা নফল
নামাজ পড়ার ইচ্ছা করে, তাঁর সমস্ত
দেহ, মনসহ কাবার দিকে হ'তে হবে।
মুখে নিয়্মত করার প্রয়োজন নেই। কেননা,
শরিয়তে এরূপ করার হকুম নেই। বরং
ইহা একটি বিদায়াত। কারণ রাস্লুলাহ্
ছাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম কিংবা
ছাহাবাগণ মুখে উচ্চারণ করে নিয়্মত

করেন নাই। ইমাম কিংবা একাকী নামাজী সামনে নিশান (চিহ্ন) দাঁড় করিয়ে উহার দিকে নামাজ পড়বে। কারণ রাস্পুরাহ ছাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম ইহা করার নির্দেশ দিয়েছেন।

কেবলামুখী হওয়া নামাজের জন্য শর্ত। তবে কতিপয় ব্যতিক্রম মাসয়ালাহ ব্যতীত, যার বিশদ (কিন্তারিত) বর্ণনা বিভিন্ন কিতাবে রয়েছে।

- ৩। আল্লাহ আকবর বেলে তকবীরে তাহরীমা করতে হবে। সেজদার জায়গায় দৃষ্টি থাকবে।
- ৪। তকবীরের সময় উভয় কাঁধ কিংবা উভয় কান পর্যন্ত হাত উঠাতে হবে।
- ৫। বুকের উপর হাত রাখতে হবে। ডান হাত

উপরে রেখে বাম হাতের কজি অথবা বাহ ধারণ পূর্বক রাখতে হবে। কেননা, রাসৃল (সঃ) এভাবেই করেছেন বলে হাদীসে প্রমাণিত আছে।

- প্রাথমিক দোয়া পড়া সুরত। দোয়া হলঃ

﴿ اللّهم باعد بيني وبين خطاياي كما

باعدت بين المشرق والمغرب ، اللهم نقني

من خطاياي كما ينقى الشوب الأبيض من

الدنس ، اللّهم اغسلني من خطاياي بالماء

والثلج والبرد »

"হে পরোয়ারদেগার! আমার গুনাহ ও আমার মধ্যে এরূপ দূরত্বের ব্যবধান করে দাও যেরূপ পূর্ব ও পাচিমের মধ্যে দূরত্ব করে দিয়েছ। আমাকে গুনাহ থেকে এরূপ পবিত্র কর যেরূপ শ্বেত শুক্র কাপড় ময়লা থেকে পরিষ্কার থাকে। হে আল্লাহ। আমার গুনাহ বরফ শীতল পানি দিয়ে ধৌত করে দাও।" এর পরিবর্তে ইচ্ছা করলে এই দোয়া পড়া যায়।

« سبحانك اللهم وبحمدك وتبارك اسمك وتعالى جدك ولا إله غيرك »

"তোমার পবিত্রতা বর্ণনা করি, তোমার গৌরব অতি উচ্চ, তোমার নাম বরকতময়, তোমার সম্মান মহিমাঝিত তুমি ছাড়া আর কোন উপাস্য নেই"!

এতদ্বতীত (ইহাছাড়া) হাদীস দ্বারা প্রমাণিত অন্য প্রাথমিক দোয়া পাঠ করা দুষণীয় নয়। বরং কখনো ইহা কখনো উহা করা ভালো। কেননা তাতে পরিপূর্ণ অনুসরণ পাওয়া যায়। অতঃপর বলবেঃ « أعوذ بالله من الشيطان الرجيم، بسم الله الرحمن الرحيم »

"আমি অভিশন্ত শয়তান থেকে আল্লাহর
কাছে আশ্রয় প্রার্থনা করছি। পরম দয়ালু
দাতা আল্লাহর নামে আরম্ভ করছি"।
তারপর আলহামদ সুরা পাঠ করতে হবে।
কেননা রাসুল (সঃ) বলেছেনঃ
« খে অব্ভি সুরায়ে ফাতেহা পাঠ না করে
তার নামাজ হয় না।"
তার পর উচন্বরের নামাজে আওয়াজ করে

আর চুপিররের নামাজে চুপে চুপে আমীন

বলবে। তারপর যত্ত্কু সহজ্ঞসাধ্য হয় কোরআন পড়বে। জোহর, আছর এবং এশার নামাজে ফাতেহার পর (নাতিদীর্ঘ) আওছাতে মোফাচ্ছাল, ফজরের নামাজে তেওয়াল (দীর্ঘ) এবং মাগরিব নামাজে কখনো দীর্ঘ কখনো ছোট সুরা পড়া ভালো। তাতে এ ব্যপারে বর্ণিত হাদীসের উপর আমল হবে।

৭। হস্তদম উভয় কাঁধ কিংবা উভয় কান
পর্যন্ত উঠিয়ে তকবীর সহ রূকু করতে
হবে। মাথা পিঠ বরাবর থাকবে এবং
হাতের আংগুল ফাঁক ফাঁক করে উভয়
হাঁটুতে রাখতে হবে। রূকুতে স্থিরতা থাকা
চাই। অতঃপর বলবেঃ

« سبحان ربي العظيم »

"আমার প্রভূ পবিত্র মহান।"

ত বার কিংবা ততোধিকবার পড়া তালো।
ইহার সাথে এতাবে পড়া মোস্তাহাবঃ—

« سبحانك اللهم ربنا وبحمدك ، اللهم –
اغفرلى »

৮। দু হাত উভয় কাঁধ কিংবা উভয় কান পর্যন্ত উঠিয়ে রূকু থেকে মাথা উঠানোর সময় বলতে হবেঃ-

« سمع الله لمن حمده »

যদি ইমাম কিংবা একাকী নামাজী হয়। এবং দাঁড়ানো অবস্থায় বলবে: ربنا ولك الحمد حمدا كثيرا طيبا مباركا

«ربنا ولك الحمد حمدا كثيرا طيبا مباركا فيه ملء السموات وملء الارض وملء শহ পরোয়ারদেগার। তোমার জন্যই সমন্ত প্রশংসা। তোমার প্রশংসা অসংখ্য উন্তম ও বরকতমর। তোমার প্রশংসা আস্মান, যমিন ও উভরের মধ্যন্থিত স্থান পরিপূর্ণ এবং এরপরও যে বন্ধুতে তুমি ইচ্ছা কর সেখানেও পরিপূর্ণ।

যদি মোকতাদি হয় তবে মাধা উঠানোর সময় বলবেঃ، «ربنا ولك الحمد ..إلى آخره বর্ণনার শেব পর্যন্ত।

ইমাম মোকতাদী একাকী নামান্দী সবাই যদি এভাবে পড়েন তা জায়েজ।

وأهل الثناء والمجد أحق ماقال العبد وكلنا

لك عبد اللَّهم لا مانع لما أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد » "(আল্লাহ) স্তৃতি ও প্রশংসা ওয়ালা। বান্দা যা বলে তার চেয়েও বেশী তিনি উপযুক্ত আমরা সকলেই তোমার বানা। আয় আল্লাহ! তুমি যা দান কর তা রোধ করার কেউ নেই। আর তুমি যা রোধ কর তা দান করার আর কেউ নেই। তোমার দান ছাড়া আর কোন দানে উপকারিতা নেই।" এই দোয়া পাঠ করা উত্তম। কেননা ইহা সহীহ হাদীস दারা প্রমাণিত। আর মুকতাদী হলে রুকু থেকে উঠার সময় বলবেঃ

ربنا ولك الحمد

এই সময় সব'ন জন্য রূকুর পূর্বে দীড়ানো

অবস্থায় যে ভাবে উভয় হাত বুকের উপর ছিল সেভাবে বুকের উপর হাত রাখা মোন্তাহাব। কেননা, ওয়ায়েল ইবনে হজর,সহল বিন সা'দ রাদিয়াল্লাহু আনহুমা হ'তে বর্ণিত রাস্লের হাদীস দ্বারা ইহা প্রমাণিত।

৯। তকবীরসহ সেজদা করতে হবে। যদি
কট্ট না হয় তবে হাঁটুদ্বয় উভয় হাতের
পূর্বে রাখবে। কট্ট হ'লে উভয় হাত
হাঁটুদ্বয়ের পূর্বে রাখা যায়। হাত ও পায়ের
আংগুলগুলি কেবলা মুখী থাকবে। হাতের
আংগুলি মিলিত ও প্রসারিত থাকবে।
সেজদা ৭টি অংগের উপর হয়ে থাকে।
কপাল নাকসহ, ২ হাত, ২ হাঁটু পদদ্বয়ের
অঙ্গুলির পেট সমূহ।
সেজদায় বলতে হবে—

« سبحان ربي الأعلى »

"আমার প্রভূ পবিত্র, উচ্চ" ৩ বার কিংবা ততোধিকবার পড়া সুন্নত। এর সাথে এই দোয়া পড়া মোস্তাহাব

« سبحنك اللهم وبحمدك ، اللهم أغفر لي » ভ্পাৎ ত্মি পাক পবিত্র হে আল্লাহ!
ত্মি আমাদের রব তোমার প্রশংসা
করি আয় আল্লাহ! আমাকে মাফ
কর।

সেজদায় বেশী করে দোয়া করা মোন্তীহাব। কেননা, হজুর ছাল্লাল্লাহু আলা ইহি ওয়া সাল্লাম বলেছেনঃ—

أما الركوع فعظموا فيه الرب، وأما السجود فاجتهدوا في الدعاء فقمن أن يستجاب لكم » অর্থাৎ রুকুতে তোমরা জন্ত্রাহর মহত্ব বর্ণনা কর, আর তোমরা সেজদার মধ্যে দোয়ার প্রচেষ্টা কর। কেননা, দাঁড়ানোর সাথে সাথেই তোমাদের দোয়া কবৃদ করা হয়।"

ফরজ কিংবা নফল নামাজ যাহাই হউক না কেন সেজদার মধ্যে আল্লাহর কাছে নিজের ও অন্যান্য মুসলমানগণের জন্য দুনিয়া ও আখেরাতের কল্যাণের প্রার্থনা করবে। সেজদার সময় হাত পার্শদেশ থেকে, পেট উরু থেকে এবং উরুদ্বয় পিভলিদ্বয় থেকে আলাদা থাকবে। হস্তদ্বয় মাটি থেকে উপরে রাখতে হবে। কেননা, হজুর ছাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ « اعتدلوا في السجود ولا يبسط أحدكم ذراعيه انبساط الكلب »

"সেজদায় তোমরা বরাবর থাক। তোমরা কেহ তোমাদের হস্তদ্বয় কুকুরের ন্যায় বিছিয়ে প্রসারিত করো না।"

১০। তাকবীর সহ মাথা উঠাবে। বাম পা বিছিয়ে তার উপর বসবে। ডান পা দাঁড় করাবে এবং হস্তদ্বয় হাঁটু ও উরুদ্বয়ের উপর রাখবে এবং বলবে।

« رب اغــفـرلي وارحمني واهـدني وارزقني وعافني واجبرني »

"আয় আল্লাহ! আমাকে মাফ কর, আমার উপর রহমত কর, আমাকে হেদায়েত দান কর এবং আমাকে রিজিক দাও, আমাকে

1. A

- সুস্থতা দান কর এবং আমাকে পূর্ণ কর।"
 এই বৈঠকে স্থিরতা থাকতে হবে।
- ১১। তাকবীর সহ দিতীয় সেজদা করতে হবে। এবং প্রথম সেজদায় যে সমস্ত কাজ ছিল ঐগুলি ২য় সেজদায়ও করতে হবে।
- ১২। তকবীরসহ মাথা উঠাতে হবে এবং ক্ষণিকের জন্য বসতে হবে। যেমন দুই সেজদার মধ্যবর্তী সময় বসা হয়েছিল। ইহাকে প্রশান্তির বৈঠক বলা হয়। ইহা মোন্তাহাব। যদি ইহা কেহ না করে তবে তাতে দোষ নেই। এই বৈঠকে কোনো জিকির বা দোয়া নেই। অতঃপর ২য় রাকাতের জন্য যদি কষ্ট না হয় হাঁটুতে ভর করে দাঁড়াতে হবে। অক্ষম হলে

মাটিতে ভর করে দাঁড়ানো যাবে। তারপর স্রায়ে ফাতেহা ও কোনো সহদ্ধ স্রা পড়তে হবে এবং ২য় রাকাতের কাচ্চগুলি ১ম রাকাতের কাচ্চগুলির মত আদায় করতে হবে।

১৩। যদি দৃ' রাকায়াত ওয়ালা নামাজ হয়
(যেমন-ফজর, জুমা, ইদের নামাজ) তা
হলে ২য় সেজদার পর ডান পা দাঁড়
করিয়ে বাম পা বিছিয়ে বসতে হবে। ডান
হাত ডান উরুর উপর রেখে শাহাদত
অংগুলি ছাড়া সমস্ত অংগুলি মৃষ্টিবদ্ধ
করে শাহাদত অংগুলি ঘারা তৌহিদের
ইশারা করবে। যদি কনিষ্ঠা ও অনামিকা
বন্ধ রেখে মধ্যমা ও বৃদ্ধাংগুলি প্রসারিত
অবস্থায় শাহাদত অংগুলি ঘারা ইশারা
করে তবে তাহা ভালো। কেননা হাদীসে

উভয় প্রকারের রেওয়ায়েত রয়েছে। কখনও এভাবে কখনও ওভাবে করা ভালো। বাম হাত বাম উরু ও হাঁটুর উপর রাখতে হবে।

অতঃপর এই বসায় তাশাহুদ পড়তে হবে। তাশহুদ হলো ঃ-

(التحيات لله والصلوات والطيبات السلام عليك أيها النبي ورحمة الله وبركاته السلام علينا وعلى عباد الله الصالحين أشهد أن لا إله إلا الله وأشهد أن محمدًا عبده ورسوله)

তৎপর বলতে হ'বে।" اللهم صل على محمد وعلى آل محمد كما صلیت علی إبراهیم وعلی آل إبراهیم إنك حمید مجید ، وبارك علی محمد وعلی آل محمد كما باركت علی إبراهیم وعلی آل إبراهیم إنك حمید مجید »

তারপর ৪ বস্তু থেকে মৃন্ডি প্রান্তির জন্য দোয়া পাঠ করবে। তাহা হোলো–

« اللهم إني أعوذ بك من عذاب جهنم ومن عذاب القبر ومن فتنة المحيا والممات ومن فتنة المحيا والممات ومن فتنة المسيح الدجال »

শ্বায় আল্লাহ! আমি জাহারামের আগুনের আজাব, কবরের আজাব, জীবিত, মৃত অবস্থায় ফেতনা ও দাচ্জালের ফেতনা থেকে আশ্রয় প্রার্থনা করছি।"

এর পর ইহলৌকিক ও পারলৌকিক কল্যাণের জন্য আল্লাহর কাছে মোতাবেক দোয়া করবে। ফরজ নামাজ হউক কিংবা নফল নামাজ ইহাতে মা, বাপের ও অন্যান্য মুসলমানের জন্য দোয়া করা ভালো। কেননা, হজুর ছাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম যখন ইবনে মাসউদকে (রাঃ) তাশাহদ শিক্ষা দিচ্ছিলেন তখন বলেছেন–তোমার কাছে যে দোয়া পছন্দনীয় তা নির্বাচন করে প্রার্থনা কর।" অন্য ভাবে আছে "যা ইচ্ছা তাই আল্লাহর কাছে যাঞ্ছা কর। এগুলি মানব মন্ডলীর ইহলৌকিক ও পারলৌকিক সার্বিক মংগলের ইংগিত বহণ করে। আস্সালামু আলাইকুম বলে ডান ও বাম দিকে সালাম ফিরাতে হ'বে।

১৪। যদি ৩ রাকায়াত ওয়ালা নামাজ হয় (যেমন মাগরিবের নামাজ) অথবা ৪ রাকায়াত (যেমন জোহর, আছর, এশার নামাজ) তা হলে উল্লিখিত ভাশাহদের পর দুরূদ পড়তে হবে। অতঃপর আল্লাহ আকবর বলে হাঁটুতে ভর করে দাঁড়িয়ে উভয় হাত কাঁধ কিংবা কান পর্যন্ত উঠিয়ে বুকের উপর পূর্বের ন্যায় রাখবে। তারপর কেবল মাত্র আলহামদু পড়বে। যদি কেহ কখনো ৩য় ও ৪র্ব রাকায়াতে আলহামদুর অতিরিক্ত কিছু পড়ে তবে তাতে ক্ষতি নেই। কেননা, আবুসাইদ (রাঃ) বর্ণিত রাসূলের হাদীসে এর উল্লেখ আছে।

মাগরিব নামা**জে** ৩য় রাকারাতের পর এবং জোহর, আছর ও এশার নামাজে ৪র্থ

